

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৭ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ আল্লাহকে লজ্জা করা

আরবী

عَن عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَنَّ وَجَلَّ حَقَّ الْحَمْدُ لِلهِ قَالَ لَيْسَ ذَلِكَ وَلَكِنْ مَنْ حَقَّ الْحَيَاءِ قَالَ لَيْسَ ذَلِكَ وَلَكِنْ مَنْ اللهِ إِنَّا نَسْتَحِي وَالْحَمْدُ لِلهِ قَالَ لَيْسَ ذَلِكَ وَلَكِنْ مَنْ السْتَحَى مِنْ اللهِ حَقَّ الْحَيَاءِ فَلْيَحْفَظْ الرَّأْسَ وَمَا حَوَى وَلْيَحْفَظْ الْبَطْنَ وَمَا وَعَى وَلْيَدْكُنْ اللهِ عَنَّ اللهِ عَنَّ اللهِ عَنَّ اللهِ عَنَّ اللهِ عَنَّ الْحَيَاءِ وَمَنْ أَرَادَ الْآخِرَةَ تَرَكَ زِينَةَ الدُّنْيَا فَمَنْ فَعَلَ ذَلِكَ فَقَدْ اسْتَحْيَا مِنْ اللهِ عَنَّ وَجَلَّ حَقَ الْحَيَاءِ

বাংলা

(২৩৭) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আল্লাহকে যথাযথভাবে লজ্জা কর। সকলে বলল, 'হে আল্লাহর নবী! আমরা তো—আলহামদু লিল্লাহ—আল্লাহকে লজ্জা করে থাকি।' তিনি বললেন, না, ঐরপ নয়। আল্লাহকে যথাযথভাবে লজ্জা করার অর্থ এই যে, মাথা ও তার সংযুক্ত অন্যান্য অঙ্গ (জিভ, চোখ এবং কান) কে (অবৈধ প্রয়োগ হতে) হিফাযত করবে, পেট ও তার সংশ্লিষ্ট অঙ্গ (লিঙ্গ, হাত, পা ও হৃদয়) কে (তাঁর অবাধ্যাচরণ ও হারাম হতে) হিফাযত করবে এবং মরণ ও তার পর হাড় মাটি হয়ে যাওয়ার কথা (সর্বদা) স্মরণে রাখবে। আর যে ব্যক্তি পরকাল (ও তার সুখময় জীবন) পাওয়ার ইচ্ছা রাখে, সে ইহকালের সৌন্দর্য পরিহার করবে। যে ব্যক্তি এ সব কিছু করে, সেই প্রকৃতপক্ষে আল্লাহকে যথাযথভাবে লজ্জা করে।

ফুটনোট

(আহমাদ ৩৬৭১, তিরমিয়ী ২৪৫৮, সহীহ তিরমিয়ী ২০০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবৃন মাসউদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন